

## **া** সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ২৬

১/ পবিত্রতা অর্জন ( كتاب الطهارة )

পরিচ্ছেদঃ ১৪. নাবী (ﷺ) যেসব জায়গায় পেশাব করতে নিষেধ করেছেন

باب الْمَوَاضِعِ الَّتِي نَهَى النَّبِيُّ صلى الله عليه وسلم عَنِ الْبَوْلِ فِيهَا

## আরবী

حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ سُويْدِ الرَّمْلِيُّ، وَعُمَرُ بْنُ الْخَطَّابِ أَبُو حَفْصٍ وَحَدِيثُهُ أَتَمُّ أَنَّ سَعِيدَ بْنَ الْحَكَمِ حَدَّتَهُمْ، قَالَ: أَخْبَرَنَا نَافِعُ بْنُ يَزِيدَ، حَدَّثَنِي حَيْوَةُ بْنُ شُرَيْحٍ، أَنَّ أَبَا سَعِيدَ بْنَ الْحَمْيَرِيَّ حَدَّتُهُم، عَنْ مُعَاذِ بْنِ جَبَلٍ، قَالَ: قَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم " اتَّقُوا الْمَلَاعِنَ التَّلَاثَةَ الْبَرَازَ فِي الْمَوَارِدِ وَقَارِعَةِ الطَّرِيقِ وَالظِّلِّ " .

حسن

## বাংলা

২৬। মু'আয ইবনু জাবাল (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমরা তিনটি অভিশপ্ত কাজ থেকে বিরত থাকবে। সেগুলো হচ্ছেঃ মানুষের অবতরণ স্থল, চলাচলের পথ ও জলাশয়ে চলাচলের পথে ছায়াবিশিষ্ট জায়গায় পায়খানা করা।[1]

হাসান।

## English

Narrated Mu'adh ibn Jabal:

The Messenger of Allah (ﷺ) said: Be on your guard against three things which provoke cursing: easing in the watering places and on the thoroughfares, and in the shade (of the tree).

ফুটনোট



[1] ইবনু মাজাহ (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ চলাচলের পথে পেশাব পায়খানা করা নিষেধ, হাঃ ৩২৮), হাকিম (১/১৬৭), বায়হাকী (১/৯৭), একাধিক সনদে আবূ সাঈদ আল হিময়ারী সূত্রে মু'আয থেকে। ইমাম হাকিম বলেন, সহীহ। যাহাবী তার সাথে একমত। মুন্যিরী এটি 'আত-তারগীব ওয়াত তারহীব' (১/১৩৩-১৩৪) গ্রন্থে বর্ণনা করে বলেন, আবূ দাউদ বলেছেন, এটি মুরসাল বর্ণনা। অর্থাৎ আবূ সাঈদ মু'আযকে পাননি। সনদের এ হিময়ারী মাজহুল (অজ্ঞাত); যেন 'আত-তাকরীব' গ্রন্থে রয়েছে। কিন্তু হাদীসটির অনেকগুলো শাহিদ রয়েছে যার দ্বারা এটি হাসানের স্তরে পৌঁছে যায়। যার অন্যতম শাহিদ হলো এর পূর্বের বর্ণিত আবূ হুরাইরাহ বর্ণিত হাদীস, যা মুসলিম ও অন্যান্য গ্রন্থে রয়েছে। দেখুনঃ ইরওয়াউল গালীল (৬২)।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ মু'আয বিন জাবাল (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন